

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
বানারীপাড়া, বরিশাল।

স্মারক নং-৪৭.৬১.০৬১০.০০০.৪২.০২৫.৯৬- ২৫০

তারিখঃ-২৮/০৪/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ- আশ্রয়ণ (ফেইজ-২) ও আশ্রয়ণ-২ প্রকল্পের বরাদ্দকৃত ঋণ বিতরণ প্রসঙ্গে।

সূত্রঃ- জেলা প্রশাসক, বরিশাল মহোদয়ের ১৭/০৪/২০১৯ তারিখের আশ্রয়ণ প্রকল্পের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জিরাকাঠী আশ্রয়ণ প্রকল্প(ফেইজ-২) পূর্ববাসিতদের তহবিল হইতে ঋণ দেয়া যাচ্ছে না, কারণ পূর্ববাসিতদের এখন পর্যন্ত কোন প্রশিক্ষণ দেয়া হয়নি। গত ৩১-০৩-২০১০ খ্রিঃ জিরাকাঠী আশ্রয়ণ প্রকল্প ফেইজ-২-বহুমুখী সমবায় সমিতি লিঃ গঠন করা হয়েছে। যাতে সমিতির সদস্যরা প্রশিক্ষণ গ্রহণ করে পূর্ববাসিতদের তহবিল হইতে ঋণের টাকা পেতে পারে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আরো জানানো যাচ্ছে যে, দারিদ্র বিমোচন ও পূর্ববাসিতদের ৬,৩০,০০০/- টাকা কৃষি ব্যাংক, বানারীপাড়া শাখা চলতি হিসাব নং এস এন, ডি -০২২২-০৩২০০০০১৪৮ একাউন্টে জমা আছে। বানারীপাড়া উত্তরপাড়া আশ্রয়ণ-২ প্রকল্পের ঘর বরাদ্দের দলিল হস্তান্তর না পাওয়ায় ঋণ বিতরণ করা যাইতেছে না। বানারীপাড়া উত্তরপাড়া আশ্রয়ণ-২ প্রকল্পের দারিদ্র বিমোচন ও পূর্ববাসিতদের ৭,৫০,০০০/- টাকা কৃষি ব্যাংক, বানারীপাড়া শাখা চলতি হিসাব নং এস এন, ডি -০২২২-০৩২০০০০১১১ একাউন্টে জমা আছে প্রকল্পের সদস্যদের প্রশিক্ষণের অভাবে ও দলিল না হওয়ার করনে মাননীয় প্রধানমন্ত্রী দপ্তর কর্তৃক দারিদ্র বিমোচনের লক্ষ্যে গঠিত আশ্রয়ণ প্রকল্পের উদ্দেশ্য ব্যহত হচ্ছে।

উল্লেখ্য যে, আবাসন প্রকল্প প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৫/০৬/২০০৭ খ্রিঃ তারিখে ২০০৪-১৭০৭ স্মারকে পূর্ববাসিতদের প্রশিক্ষণ বাবদ ৬৪,৭০০/- (চৌষাট্টি হাজার সাঁত শত) টাকা বরাদ্দ দেয়া হয়েছিল। উক্ত টাকা ফেরৎ প্রদানের কারণে প্রশিক্ষণ প্রদান করা হয়নি ফলে আশ্রয়ণের হত দারিদ্র লোকের মধ্যে ঋণ কার্যক্রম পরিচা

লনা করা যাচ্ছে না। যাতে পুনঃরায় প্রশিক্ষণের অর্থ বরাদ্দ পেতে পারি ও অতি শিঘ্র দলিল হস্তান্তর হয়, তার বিহিত ব্যবস্থা দানের আপনার সদয় মর্জি হয়।

প্রাপকঃ- জেলা সমবায় অফিসার,  
বরিশাল।

আপনার অনুগত  
স্বাঃ  
(আফসানা শাখী)  
উপজেলা সমবায় অফিসার  
বানারীপাড়া, বরিশাল।

স্মারক নং-৪৭.৬১.০৬১০.০০০.৪২.০২৫.৯৬-২৫০

তারিখঃ-২৮/০৪/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন অনুলিপি প্রেরণ করা হ'ল।

০১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল।

০২। উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া, বরিশাল।

উপজেলা সমবায় অফিসার  
বানারীপাড়া, বরিশাল।